"শিল্পে প্রাকৃতিক গ্যাস,
গৃহস্থালিতে বিকল্প জ্বালানী"

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী
লিঃ (বাপেক্স)
বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা
www.bapex.com.bd
প্রশাসন বিভাগ

জরুরি

নম্বর ২৮.০৯.০০০০.০২২.৩৪.০০১.১৯.১১৭

তারিখ ১৪ আশ্বিন ১৪২৭
২৯ সেপ্টেম্বর ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বাপেক্স এর প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণকে অফিসে আনা নেয়ার লক্ষ্যে ভাড়ার ভিত্তিতে মাইক্রোবাস ও মিনিবাস চলমান রয়েছে। কোভিড-১৯ (করোনা ভাইরাস) মহামারিতে শারীরিক দূরত্ব বজায় রেখে অফিসে আসা-যাওয়ার লক্ষ্যে বিভিন্ন রুটে ভাড়াকৃত গাড়িতে আসন বরাদ্দপ্রাপ্ত কর্মকর্তাগণ অধিযাচনের মাধ্যমে যানবাহন পুলের গাড়িও ব্যবহার করে আসছেন। কিন্তু যানবাহনপুলে গাড়ি ও গাড়িচালকের তীব্র সংকট রয়েছে। জ্বালানি খাতের বরাদ্দকৃত অর্থও প্রায় নিঃশেষ হতে চলেছে। তাছাড়া দীর্ঘ মেয়াদের জন্য এরূপ সুবিধা প্রদান করায় প্রশাসনিক ও আর্থিক নানাবিধ জটিলতা তৈরি হচ্ছে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ গুরুত্বপূর্ণ কাজে মাঠ পর্যায়ে যাওয়ার ক্ষেত্রেও অনেক সময় গাড়ি সুবিধা হতে বঞ্চিত হচ্ছেন। একইদিনে একটি গাড়ি বহুবার চলাচল করায় গাড়িচালকদের পক্ষে কোনো প্রকার বিশ্রাম নেয়া সম্ভব হচ্ছেনা। বেশ কয়েকজন গাড়ি চালক এখন অসুস্থ। এছাড়া প্রতিনিয়ত কয়েকটি গাড়ি মেরামতাধীন থাকে। ফলে গাড়ি স্বল্পতা হেতু যে সকল কর্মকর্তাগণ অফিস শেষ হওয়ার পরেও জরুরি কাজের জন্য অফিসে অবস্থান করেন, তাদেরকে কাজ শেষ হওয়ার পরে আবাসস্থলে ফেরৎ গমণের লক্ষ্যে দীর্ঘক্ষণ গাড়ির অপেক্ষায় থাকতে হয়।

বর্ণিত প্রেক্ষাপটে কর্তৃপক্ষীয় সিদ্ধান্তের প্রেক্ষিতে কোম্পানির ভাড়াকৃত মাইক্রোবাসে আসন বরাদ্দপ্রাপ্ত কর্মকর্তাগণকে স্ব-স্ব রুটের ভাড়াকৃত গাড়িতে যাতায়াতের জন্য অনুরোধ করা যাচ্ছে । অফিস সময়ের পরে জরুরি কাজের প্রয়োজনে কর্তৃপক্ষের নির্দেশানুযায়ী যে সব কর্মকর্তাগণ অফিসে কাজ করবেন আবাসস্থলে ফেরৎ গমণের জন্য তাদেরকেই গাড়ি সুবিধা প্রদানের লক্ষ্যে তাঁদের অধিযাচন বিবেচনা করা যেতে পারে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

২৯-৯-২০২০
মোহাম্মদ আবুল বশর
মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত)
ফোন: ০১৭১৩৩৩৯৮৮৮
ইমেইল: gmadmin@bapex.com.bd

বিতরণঃ
১) পরিচালক (অপারেশন), পরিচালক (অপারেশন) এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
২) বাপেক্সের মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধানবৃন্দ,বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৩) বাপেক্সের উপবিভাগ ও শাখা প্রধানগণ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৪) উপ-ব্যবস্থাপক (সমন্বয়) (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)